ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ-১ম সেমিস্টার স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য

ভর্তি নির্দেশিকা

ভূমিকাঃ

আধুনিক শিক্ষার পাশাপাশি ইসলামী শিক্ষার উচ্চতর বিদ্যাপীঠ ইসলামী বিশ্ববিদ্যালয়ে বর্তমানে পাঁচটি অনুষদঃ ১) ধর্মতত্ত্ব ও ইসলামিক স্টাডিজ, ২) মানবিক ও সামাজিক বিজ্ঞান, ৩) আইন ও শরীয়াহ, ৪) ব্যবসায় প্রশাসন, এবং ৫) ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ-এর অধীনে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মোট ৩৩টি বিভাগে শিক্ষার্থী ভর্তির উদ্যোগ গৃহীত হয়েছে। একুশ শতকের উপযোগী কোয়ালিটি এডুকেশন নিশ্চিত করার পূর্বশর্ত হিসাবে সেমিস্টার পদ্ধতিতে উক্ত বিভাগসমূহে শিক্ষা ও গবেষণা পরিচালিত হবে।

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ১ম সেমিস্টার স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষার তথ্যাবলীঃ

১। ইউনিট, বিভাগ, আসন সংখ্যা এবং কোটাসমূহঃ

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ১ম সেমিস্টার স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা ইউনিট পদ্ধতিতে গ্রহন করা হবে। ৫টি অনুষদভূক্ত ৩৩টি বিভাগকে নিম্নের ছক অনুযায়ী ৮টি ইউনিটে (A, B, C, D, E, F, G, and H) বিভক্ত করা হয়েছেঃ

ইউনিট কোড	ইউনিটভূক্ত বিভাগসমূহের নাম	আসন সংখ্যা
A	১। আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ	৮০
	২। দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ	৮০
	৩। আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ	৮০
B	১। আরবী ভাষা ও সাহিত্য	৮০
	২। বাংলা	৮০
	৩। ইংরেজী	১০০
	৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৮০
	৫। ফোকলোর স্টাডিজ	৮০
C	১। অর্থনীতি	৭৫
	২। লোক প্রশাসন	৭৫
	৩। রাষ্ট্রবিজ্ঞান	৭৫
	৪। ডেভোলাপমেন্ট স্টাডিজ	৭৫
	৫। সোসাল ওয়েলফেয়ার	৭৫
D	১। ফলিত রসায়ন ও কেমিকৌশল	৫০
	২। ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি	৫০
	৩। বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	৫০
	৪। এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড জিওগ্রাফি	৫০
	৫। ফার্মেসি	৫০
E	১। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	৫০
	২। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৫০
	৩। ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	৫০
	৪। বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং	৫০
F	১। গণিত	৫০
	২। পরিসংখ্যান	৫০
G	১। হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি	৭৫
	২। ব্যবস্থাপনা	৭৫
	৩। ফিন্যান্স এন্ড ব্যাংকিং	৭৫
	৪। মার্কেটিং	৭৫
	৫। হিউম্যান রির্সোস ম্যানেজমেন্ট	৭৫
	৬। টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট	৭৫
H	১। আইন	৮০
	২। আল-ফিকহ এন্ড লিগ্যাল স্টাডিজ	৮০
	৩। ল' এন্ড ল্যান্ড ম্যানেজমেন্ট	৮০

বিভিন্ন কোটাঃ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ১ম সেমিস্টার স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন সাপেক্ষে উপরোক্ত ২২৭৫ টি আসন ব্যতিত নিম্নলিখিত কোটাসমূহে ১৬১ জন শিক্ষার্থী ভর্তির উদ্যোগ গ্রহন করা হয়েছেঃ

- মুক্তিযোদ্ধা কোটাঃ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা (পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা) সরকারী সিদ্ধান্ত অনুযায়ী ২২৭৫ এর ৫% সমান ১১৪ জন,

২৪.১০.১৭ ২৪.১০.১৭ ২৪.১০.১৭ ২৪/১০/১৭

- বিশেষ কোটাঃ
    - উপজাতি/ক্ষুদ্র-জাতিসত্তা/নৃ-গোষ্ঠি সম্প্রদায় সর্বোচ্চ ১৫ জন,
    - হরিজন-দলীত জনগোষ্ঠি (অন্ত্যজ) সর্বোচ্চ ২ জন,
    - শারীরিক প্রতিবন্ধী সর্বোচ্চ ২০ জন,
    - খেলোয়ার সর্বোচ্চ ১০ জন

উল্লেখ্য যে, উপরোক্ত ২৪৩৬ (২২৭৫+১৬১) জন শিক্ষার্থীর বাইরে আবেদন সংখ্যার উপর নির্ভরশীল আসনে নিম্নলিখিত ভাবে পোষ্য কোটা এবং বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবেঃ

- বিশ্ববিদ্যালয়ের আভ্যান্তরীন নীতিমালা অনুযায়ী ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন সাপেক্ষে পোষ্য কোটাঃ অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের পুত্র-কন্যা অথবা স্বামী-স্ত্রী ভর্তি হতে পারবে এবং
- বিদেশী ছাত্র-ছাত্রীঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রচলিত বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা (Foreign Student Admission Ordinance) অনুযায়ী উপরোক্ত বিভাগসমূহে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নীতিমালা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd থেকে সংগ্রহ করা যাবে।

২। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতাঃ

যে সকল ছাত্র-ছাত্রী ২০১১ সাল বা তৎপরবর্তীতে মাধ্যমিক/সমমান এবং ২০১৬ বা ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং নিম্নবর্ণিত যোগ্যতা থাকবে কেবলমাত্র তারাই উপরোক্ত ইউনিটসমূহে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।

ইউনিট	শাখা/ধারা	মাধ্যমিক/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ)	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ)	উভয় পরীক্ষায় একত্রে ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ)
A, B, C এবং H	মানবিক	৩.০০	৩.০০	৬.৫০
	ব্যবসায় শিক্ষা	৩.২৫	৩.২৫	৬.৭৫
	বিজ্ঞান	৩.২৫	৩.২৫	৭.০০
	A এবং O লেভেল	সি গ্রেড	সি গ্রেড	
A, B, C এবং H (পোষ্য কোটা)	মানবিক	৩.০০	৩.০০	৬.০০
	ব্যবসায় শিক্ষা	৩.০০	৩.০০	৬.২৫
	বিজ্ঞান	৩.০০	৩.০০	৬.৫০
	A এবং O লেভেল	সি গ্রেড	সি গ্রেড	
D, E এবং F	বিজ্ঞান	৩.৫০	৩.৫০	৭.৫০
	A এবং O লেভেল	বি গ্রেড	বি গ্রেড	
	কারিগরী শিক্ষা	৩.৫০ সহ রসায়ন, গণিত ও পদার্থবিজ্ঞান অবশ্যই পঠিত বিষয় হিসাবে থাকতে হবে।	৩.৫০ সহ রসায়ন, গণিত ও পদার্থবিজ্ঞান অবশ্যই পঠিত বিষয় হিসাবে থাকতে হবে।	৭.৫০
D, E এবং F (পোষ্য কোটা)	বিজ্ঞান	৩.০০	৩.০০	৭.০০
	A এবং O লেভেল	বি গ্রেড	বি গ্রেড	
	কারিগরী শিক্ষা	৩.০০ সহ রসায়ন, গণিত ও পদার্থবিজ্ঞান অবশ্যই পঠিত বিষয় হিসাবে থাকতে হবে।	৩.০০ সহ রসায়ন, গণিত ও পদার্থবিজ্ঞান অবশ্যই পঠিত বিষয় হিসাবে থাকতে হবে।	৭.০০
G	মানবিক	৩.২৫	৩.২৫	৬.৭৫
	ব্যবসায় শিক্ষা	৩.২৫	৩.২৫	৬.৭৫
	বিজ্ঞান	৩.৫০	৩.৫০	৭.২৫
	A এবং O লেভেল	সি গ্রেড	সি গ্রেড	
	কারিগরী শিক্ষা	৩.২৫	৩.২৫	৬.৭৫
G (পোষ্য কোটা)	মানবিক	৩.০০	৩.০০	৬.৫০
	ব্যবসায় শিক্ষা	৩.০০	৩.০০	৬.৫০
	বিজ্ঞান	৩.০০	৩.০০	৬.৭৫
	A এবং O লেভেল	সি গ্রেড	সি গ্রেড	
	কারিগরী শিক্ষা	৩.০০	৩.০০	৬.৫০

৩। আবেদনের সময়, আবেদন ফি, এবং ভর্তি পরীক্ষার তারিখঃ

(ক) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু আবেদনকারীকে এই ভর্তি নির্দেশিকাটি বা ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission এবং http://iu.asslonline.com এ প্রকাশিত যথাযথ ভাবে অনুসরন করে অনলাইন ওয়েবসাইট http://iu.asslonline.com এ আগামী ১৫-১০-২০১৭ হতে ১০-১১-২০১৭ ইং তারিখ রাত ১২টার মধ্যে আবেদন করতে হবে এবং ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট (ROCKET) এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে হবে। একজন আবেদনকারী তাঁর যোগ্যতা অনুযায়ী একাধিক ইউনিটে আবেদন করতে পারবে কিন্তু নির্দিষ্ট কোন একটি ইউনিটে একটির বেশী আবেদন করতে পারবে না।

(খ) প্রতি ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফি ৫০০/= (পাঁচশত) টাকা।

(গ) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারীর জন্য সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ভর্তি পরীক্ষা আগামী ২৫ থেকে ২৯ নভেম্বর ২০১৭ ইং তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী এবং আসনবিন্যাস ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে জানানো হবে।

৪। আবেদন করার এবং ফি প্রদানের পদ্ধতিঃ

(ক) অনলাইনে আবেদন করার পদ্ধতিঃ

- প্রাথমিক তথ্য প্রদানঃ এই ভর্তি নির্দেশিকায় উল্লেখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ পূর্বক ওয়েবসাইট http://iu.asslonline.com অথবা www.iu.ac.bd/admission এ নির্দেশিত ধাপসমূহ অনুসরন করে (যেখানে মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নং, শিক্ষা বোর্ড, পাশের সাল, রেজিস্ট্রেশন নং, মোবাইল ফোন নম্বর ইত্যাদি প্রদান করতে হবে) আবেদন করলে প্রত্যেক আবেদনকারী তার প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে একটি Username এবং Password পাবে।

১৪.১০.১৭ ১৪.১০.১৭ ১৪/১০/১৭ ১৪/১০/১৭

- <u>Application ID সংগ্রহ করাঃ</u> আবেদন করার সময় ইউনিট সিলেক্ট করলে একটি Application ID দেখা যাবে। একাধিক ইউনিট সিলেক্ট করলে প্রতিটি ইউনিটের জন্য ভিন্ন ভিন্ন Application ID দেখা যাবে। SMS এর মাধ্যমে প্রাপ্ত Username এবং Password ব্যবহার করে ওয়েবসাইট http://iu.asslonline.com এ login করেও প্রয়োজনীয় যে কোন সময়ে Application ID দেখা যাবে। আবেদন প্রক্রিয়া সম্পুর্ন করার জন্য প্রতিটি Application ID সংরক্ষন করতে হবে।

(খ) আবেদন ফি প্রদানঃ ডাচ-বাংলা-ব্যাংকের মোবাইল ব্যাংকিং রকেট এর মাধ্যমে আবেদন ফি নিম্নলিখিত ভাবে প্রদান করতে হবেঃ

- Step-1: ডায়াল *৩২২#
- Step-2: "১ ডায়াল করে Payment" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-3: "১ ডায়াল করে Bill Pay" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-4: Enter Biller ID এর স্থলে ২৬২ টাইপ করতে হবে।
- Step-5: Enter Bill Number এর স্থলে অবশ্যই ওয়েবসাইট থেকে প্রাপ্ত Application ID প্রদান করতে হবে।
- Step-6: Enter Amoun এর স্থলে আবেদন ফি ৫০০/= টাকা দিতে হবে (এ ক্ষেত্রে অবশ্যই আবেদনকারীর রকেট মোবাইল ব্যাংকিং একাউন্ট এ সার্ভিস চার্জ সহ ৫১৭ টাকা ব্যালেন্স থাকতে হবে)। ফি প্রদান Confirm করলে তা প্রত্যাহার করা যাবে না।
- Step-7: Enter PIN এর স্থলে Customer এর ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর দিতে হবে।
- Step-8: রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে প্রাপ্ত Transaction ID (TxnID) প্রবেশপত্র Download করার জন্য সংরক্ষণ করতে হবে।

(গ) প্রবেশপত্র সংগ্রহঃ

সফলভাবে আবেদনকারী প্রার্থীগন ১৬-১১-২০১৭ হতে ২৪-১১-২০১৭ইং তারিখ পর্যন্ত সময়ের মধ্যে ওয়েবসাইট http://iu.asslonline.com এ login করে Transaction ID (TxnID) অনুযায়ী (একাধিক ইউনিটে আবেদন করে থাকলে ভিন্ন ভিন্ন প্রাপ্ত Transaction ID (TxnID) ব্যবহার করতে হবে) সদ্য তোলা ১ কপি ছবি (300x300 pixel; 64KB) আপলোড করতে হবে এবং ছবি সংযুক্ত প্রবেশ-পত্রটি যথাযথ ভাবে যাচাই করে নিজ নিজ প্রবেশ-পত্র ডাউনলোড করতে হবে। ডাউনলোডকৃত প্রবেশপত্রের ২টি কপি ভর্তি পরীক্ষা কক্ষে আনতে হবে এবং পরীক্ষা কক্ষে দায়িত্ব প্রাপ্ত পরিদর্শক দ্বারা সত্যায়িত করতে হবে।

<u>৫। ভর্তি পরীক্ষার পদ্ধতি, নম্বর বিন্যাস, মূল্যায়ন এবং বিভিন্ন ইউনিটভূক্ত বিভাগসমূহ কর্তৃক আরোপিত শর্তঃ</u>

(ক) ভর্তি পরীক্ষার পদ্ধতিঃ উচ্চ মাধ্যমিক/সমমান পাঠ্যক্রম অনুসরন করে Multiple Choice Questions (MCQ) পদ্ধতিতে ৮০ নম্বরের প্রশ্ন প্রনয়ন করা হবে। পরীক্ষার সময়কাল ০১ (এক) ঘন্টা।

(খ) ভর্তি পরীক্ষার মানঃ ভর্তি পরীক্ষার সর্বমোট মান হবে ১২০ (এমসিকিউ = ৮০ + মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ (৫×৪)=২০ + উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ (৫×৪)=২০) নম্বর।

(গ) মূল্যায়নঃ এমসিকিউ পদ্ধতিতে গৃহীত পরীক্ষার উত্তরপত্র OMR এর সাহায্যে মূল্যায়ন করা হবে। ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৩২ অর্থাৎ এমসিকিউ ৮০ নম্বরের মধ্যে ৩২ নম্বর পেলে একজন পরীক্ষার্থী কৃতকার্য হিসাবে বিবেচিত হবে। **<u>ভর্তি পরীক্ষার প্রতি ১ নম্বরের এমসিকিউ ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর হতে বিয়োগ করা হবে।</u>**

(ঘ) এমসিকিউ প্রশ্নের নম্বর বিন্যাস এবং শর্তসমূহঃ ভর্তি পরীক্ষার জন্য ৮টি ইউনিট কর্তৃক প্রদত্ত ৮০ নম্বরের এমসিকিউ প্রশ্নের নম্বর বিন্যাস এবং বিভিন্ন বিভাগে ভর্তির ন্যূনতম যোগ্যতা হিসাবে বিভাগ কর্তৃক আরোপিত শর্তসমূহ নিম্নরুপঃ

ইউনিট কোড	ইউনিটভূক্ত বিভাগসমূহের নাম	বিভাগে ভর্তির জন্য শর্তসমূহ	এমসিকিউ নম্বর বিন্যাস
A	১। আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ	প্রযোজ্য নয়	১. আরবী- ১০ ২. আল-কুরআন- ১৫ ৩. আল-হাদীস- ১৫ ৪. দাওয়াহ- ১০ ৫. ইসলামী শিক্ষা- ০৫ ৬. আল-ফিক্হ- ০৫ ৭. ইসলামের ইতিহাস- ০৫ ৮. বাংলা- ০৫ ৯. ইংরেজী- ০৫ ১০. সাধারণ জ্ঞান- ০৫
	২। দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ	প্রযোজ্য নয়	
	৩। আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ	প্রযোজ্য নয়	
B	১। আরবী ভাষা ও সাহিত্য	মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান উভয় ক্ষেত্রে আরবী পঠিত বিষয় হিসাবে অবশ্যই থাকতে হবে।	১. বাংলা - ৩০ ২. ইংরেজী - ৩০ ৩. সাধারণ জ্ঞান - ২০
	২। বাংলা	MCQ এর বাংলা বিষয়ে ন্যূনতম ১৮ নম্বর পেতে হবে।	
	৩। ইংরেজী	MCQ এর ইংরেজী বিষয়ে ন্যূনতম ১৮ নম্বর পেতে হবে এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় ইংরেজী বিষয়ে ন্যূনতম জিপিএ ৩.৫০ (A-) থাকতে হবে।	
	৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	MCQ এর ইংরেজী বিষয়ে ন্যূনতম ১৩ নম্বর পেতে হবে।	
	৫। ফোকলোর স্টাডিজ	প্রযোজ্য নয়	
C	১। অর্থনীতি	MCQ এর ইংরেজী বিষয়ে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে।	১) ইংরেজী ৩০ ২) সাধারণ জ্ঞান ৩০ ৩) বাংলা ২০ সাধারণ জ্ঞানের ক্ষেত্রে মাধ্যমিক শিক্ষাক্রমের গণিত ও সমসাময়িক ঘটনাবলির উপর গুরুত্ব দেওয়া হবে।
	২। লোক প্রশাসন		
	৩। রাষ্ট্রবিজ্ঞান		
	৪। ডেভোলাপমেন্ট স্টাডিজ		
	৫। সোসাল ওয়েলফেয়ার	MCQ এর ইংরেজী বিষয়ে ন্যূনতম ১৫ নম্বর পেতে হবে।	

ইউনিট কোড	ইউনিটভূক্ত বিভাগসমূহের নাম	বিভাগে ভর্তির জন্য শর্তসমূহ	এমসিকিউ নম্বর বিন্যাস
D	১। ফলিত রসায়ন ও কেমিকৌশল	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় গণিত বিষয়ে ন্যূনতম জিপিএ ৩.৫০ (A-) থাকতে হবে। MCQ এর রসায়ন বিষয়ে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে।	১) রসায়ন ৩০ ২) জীব বিজ্ঞান/গণিত* ৩০ ৩) পদার্থ বিজ্ঞান ১০ ৪) ইংরেজী ১০ * জীব বিজ্ঞান অথবা গণিত যে কোন একটি বিষয়ে উত্তর প্রদান করতে হবে। উভয় বিষয়ে উত্তর প্রদান করলে উত্তর-পত্র বাতিল বলে গণ্য হবে।
	২। ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি	উচ্চ মাধ্যমিক/সমমান পাঠ্যক্রমে অবশ্যই জীব বিজ্ঞান পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং MCQ এর জীব বিজ্ঞান বিষয়ে ন্যূনতম ১০ নম্বর পেতে হবে।	
	৩। বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং		
	৪। এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড জিওগ্রাফি		
	৫। ফার্মেসি	উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় রসায়ন, জীব বিজ্ঞান ও গণিত বিষয়ে ন্যূনতম জিপিএ ৩.৫০ (A-) থাকতে হবে। MCQ এর রসায়ন ও জীব বিজ্ঞান/গণিত বিষয়ে প্রত্যিটিতে ন্যূনতম ১২ নম্বর করে পেতে হবে।	
E	১। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	কৃতকার্য হওয়ার জন্য MCQ এর প্রতিটি বিষয়ে ন্যূনতম ১৪ নম্বর করে পেতে হবে।	১) পদার্থবিজ্ঞান ৪০ ২) গণিত ৪০
	২। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং		
	৩। ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং		
	৪। বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং	কৃতকার্য হওয়ার জন্য MCQ এর প্রতিটি বিষয়ে ন্যূনতম ১৪ নম্বর করে পেতে হবে। উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় রসায়ন, জীব বিজ্ঞান ও গণিত বিষয়ে ন্যূনতম জিপিএ ৩.৫০ (A-) থাকতে হবে।	
F	১। গণিত	কৃতকার্য হওয়ার জন্য MCQ এর গণিত বিষয়ে ন্যূনতম ২৪ নম্বর এবং ইংরেজী বিষয়ে ন্যূনতম ৫ নম্বর পেতে হবে।	১) গণিত ৬০ ২) ইংরেজী ২০
	২। পরিসংখ্যান		
G	১। হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি	কৃতকার্য হওয়ার জন্য সকল শাখার পরীক্ষার্থীকে MCQ এর ইংরেজী বিষয়ে ন্যূনতম ১৬ নম্বর পেতে হবে।	১) ইংরেজী ৪০ (বাধ্যতামূলক) সকল শাখার জন্য। ২) ক. ব্যবসায় শিক্ষা শাখার জন্য (১) ব্যবসায় শিক্ষা ২০ (২) হিসাব বিজ্ঞান ২০ খ. অন্যান্য শিক্ষা শাখার জন্য (১) সাধারণ গণিত ২০ (২) সাধারণজ্ঞান ও বুদ্ধিমত্তা ২০
	২। ব্যবস্থাপনা		
	৩। ফিন্যান্স এন্ড ব্যাংকিং		
	৪। মার্কেটিং		
	৫। হিউম্যান রির্সোস ম্যানেজমেন্ট		
	৬। টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট		
H	১। আইন	MCQ এর ইংরেজী বিষয়ে ন্যূনতম ১৫ নম্বর পেতে হবে।	১) বাংলা ৩০ ২) ইংরেজী ৩০ ৩) সাধারণ জ্ঞান ২০
	২। আল-ফিকহ এন্ড লিগাল ষ্টাডিজ	অবশ্যই আরবী ভাষায় দক্ষতা থাকতে হবে।	
	৩। ল' এন্ড ল্যান্ড ম্যানেজমেন্ট	MCQ এর ইংরেজী বিষয়ে ন্যূনতম ১৫ নম্বর পেতে হবে।	

৬। ভর্তি পরীক্ষার মেধাক্রম নির্ধারণ ও ভর্তির জন্য নির্বাচন পদ্ধতিঃ

- ইউনিট কর্তৃপক্ষের মাধ্যমে ভর্তির জন্য গৃহীত এমসিকিউ পরীক্ষায় প্রাপ্ত নম্বর, মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ×৪ এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ×৪ এর যোগফল করে সর্বোচ্চ স্কোরের ভিত্তিতে মেধাক্রম প্রস্তুত করা হবে। উক্ত মেধাক্রম হতে মেধা তালিকা এবং অপেক্ষমান তালিকা তৈরী করে ভর্তি পরীক্ষার রোল নম্বর, প্রাপ্ত মোট স্কোর, ও মেধাক্রম উল্লেখ পূর্বক মাননীয় উপাচার্য (সভাপতি, কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি) বরাবর জমা দেওয়া হবে এবং সংশ্লিষ্ট ইউনিটের নোটিশ বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission এ প্রচার করা হবে।
- একাধিক প্রার্থীর স্কোর একই হলে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় বেশী জিপিএ প্রাপ্ত প্রার্থী অগ্রাধিকার পাবে এবং এ ক্ষেত্রেও স্কোর সমান হলে সংশ্লিষ্ট ইউনিট কমিটির যৌক্তিক সিদ্ধান্ত মোতাবেক অগ্রাধিকার প্রদান করা হবে।
- কোন ইউনিটের ভর্তি পরীক্ষা একাধিক শিফটে অনুষ্ঠিত হলে শিফট অনুযায়ী স্বতন্ত্র ফলাফল প্রস্তুত করা হবে এবং প্রতি শিফটের মেধা ও অপেক্ষমান তালিকায় পরীক্ষার্থীর সংখ্যা ভর্তি পরীক্ষায় উপস্থিতির হার অনুযায়ী নির্ধারন করা হবে।
- বিভিন্ন কোটার ফলাফলঃ ইউনিট কর্তৃপক্ষের মাধ্যমে ভর্তির জন্য গৃহীত এমসিকিউ পরীক্ষায় প্রাপ্ত নম্বর, মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ×৪ এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ×৪ এর যোগফল এবং মৌখিক পরীক্ষায় গৃহীত কোটা কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ স্কোরের ভিত্তিতে মেধাক্রম প্রস্তুত করে কোটা কমিটি মেধা তালিকা এবং অপেক্ষমান তালিকা তৈরী করে ভর্তি পরীক্ষার রোল নম্বর, প্রাপ্ত মোট স্কোর, ও মেধাক্রম উল্লেখ পূর্বক মাননীয় উপাচার্য (সভাপতি, কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি) বরাবর জমা দিবেন এবং সংশ্লিষ্ট কমিটির নোটিশ বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission এ প্রচার করার ব্যবস্থা গ্রহন করবেন।
- মেধা ও অপেক্ষমান (প্রয়োজনে) তালিকার নির্বাচিত পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহন করে ইউনিট কমিটি পরীক্ষার্থীর জন্য বিভাগ এবং আবাসিক হল নির্ধারণ করে ভর্তি হওয়ার অনুমতি পত্র প্রদান করবেন।

৭। ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্যঃ

(ক) ভর্তি পরীক্ষার সময়কাল ১(এক) ঘন্টা।

(খ) ভর্তি পরীক্ষা কক্ষে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন ও প্রবেশ-পত্রের ফটোকপি পরীক্ষার্থীর সাথে রাখতে হবে। প্রয়োজন হলে পরীক্ষা কক্ষের পরিদর্শক যাচাই করে দেখতে পারেন।

(গ) ভর্তি পরীক্ষার প্রবেশ-পত্রের দুইটি কপিতে পরীক্ষার্থীকে স্বাক্ষর করে একটি কপি অবশ্যই পরীক্ষা কক্ষের পরিদর্শকের কাছে জমা দিতে হবে এবং অপর কপিটি নিজে সংরক্ষন করবে।

(ঘ) কেবল মাত্র মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান শিক্ষা বোর্ড এর ডেটাবেজ হতে প্রাপ্ত জিপিএ ভর্তি পরীক্ষার ফলাফল প্রস্তুত কালে বিবেচিত হবে।

(ঙ) আবেদনকারীকে তার SSC ও HSC পরীক্ষার যে কোন সনদ পত্রের নাম সংক্রান্ত বা অন্যান্য কোন ত্রুটির কারনে আবেদন করতে ব্যর্থ হলে প্রার্থীকে নিজে সংশ্লিষ্ট জটিলতা সমাধান করে আবেদন করতে হবে। এ সংক্রান্ত সমস্যা সমাধানের বিষয় ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এখতিয়ারভূক্ত নয়।

(চ) আবেদন প্রক্রিয়ায় কোন জটিলতা সৃষ্টি হলে অথবা কোন Query থাকলে ওয়েবসাইড http://iu.asslonline.com এর Enquiry tag এ Email করে অথবা Contract এ প্রদত্ত নম্বারের মাধ্যমে যোগাযোগ করে সমাধান করতে হবে। এ ছাড়া কম্পিউটার সেন্টার, ইসলামী বিশ্ববিদ্যালয় এর ই-মেইল আইডি admission@iu.ac.bd তে ইমেইল এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

(ছ) ভর্তি সংক্রান্ত যে কোন আপডেট তথ্য/বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission এ এবং সংশ্লিষ্ট ইউনিট অফিস এ প্রকাশ করা হবে যাহা প্রার্থীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

(জ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের তারিখ অনুযায়ী ফলাফল প্রকাশের শেষ তারিখ ০৩ ডিসেম্বর ২০১৭।

(ঝ) সকল ইউনিটের ভর্তির মৌখিক (সাক্ষাৎকার) পরীক্ষা আগামী ০৯-১২-২০১৭ থেকে ১৩-১২-২০১৭ ইং তারিখের মধ্যে শেষ করা হবে। মেধা তালিকায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি প্রক্রিয়া আগামী ০৯-১২-২০১৭ থেকে ২৪-১২-২০১৭ ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

(ঞ) মেধা তালিকার ভর্তির পর ইউনিটভূক্ত বিভাগসমূহে আসন শুন্য থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিট কর্তৃপক্ষের মাধ্যমে বিভাগসমূহে আগামী ১০-০১-২০১৮ থেকে ১৫-০১-২০১৮ ইং তারিখের মধ্যে বিভাগ পরিবর্তন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(ট) মেধা তালিকার ভর্তির পর ইউনিটভূক্ত বিভাগসমূহে আসন শুন্য থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিট কর্তৃপক্ষ অপেক্ষমান তালিকা হতে মৌখিক (সাক্ষাৎকার) পরীক্ষা গ্রহনের ব্যবস্থা করে প্রয়োজনীয় সংখ্যক ছাত্র-ছাত্রী নির্বাচিত করবেন। উক্ত নির্বাচিত ছাত্র-ছাত্রী এবং বিশেষ কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীগনকে আগামী ১৫-০১-২০১৮ থেকে ২৪-০১-২০১৮ ইং তারিখের মাধ্যে তাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। তবে এ সময়ের মধ্যে ইউনিটভূক্ত বিভাগসমূহে আসন শুন্য থাকলে সংশ্লিষ্ট ইউনিটের মধ্যে বিভাগ পরিবর্তনের প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

(ঠ) আগামী ২৭ জানুয়ারী ২০১৮ ইং তারিখ থেকে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টারের ক্লাশ শুরু হবে।

(ড) <u>ভর্তি পরীক্ষা কক্ষে যে কোন ধরনের ইলেক্টনিক্স ডিভাইস (মোবাইল, ঘড়ি, ব্লুটুথ, ক্যালকুলেটর, ইত্যাদি) সাথে রাখা নিষিদ্ধ।</u>

৮। বিশেষ কোটায় আবেদনের সময় ও জ্ঞাতব্য বিষয়সমূহঃ

(ক) কোটার জন্য আবেদন ফরমঃ বিশেষ কোটা (মুক্তিযোদ্ধা, উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠি, শারীরিক প্রতিবন্ধী, হরিজন-দলীত জনগোষ্ঠি (অন্ত্যজ), খেলোয়াড় এবং পোষ্য) সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের দিন থেকে ১৩-১২-২০১৭ ইং তারিখের মধ্যে কোটার জন্য নির্ধারিত ফি ৩০০/= (তিনশত) টাকা অগ্রণী ব্যাংক, ইবি শাখায় জমাদান সাপেক্ষে ব্যাংক থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করে যথাযথ ভাবে পূরন করে সংশ্লিষ্ট কোটা কমিটির আহবায়কের অফিসে জমা দিতে হবে।

(খ) প্রয়োজনীয় কাগজ-পত্রসমূহঃ ভর্তিচ্ছু কোটার প্রমান পত্রের (ভর্তি নির্দেশিকার অনুচ্ছেদ ৯ মোতাবেক) সত্যায়িত ফটোকপি ও ভর্তি পরীক্ষার সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক প্রদত্ত প্রাপ্ত স্কোরের সনদ-পত্র কোটার আবেদন ফরম এর সাথে দাখিল করতে হবে।

৯। বিশেষ কোটায় আবেদনকারীদের যোগ্যতাঃ

(ক) যে কোন কোটায় আবেদনকারী ভর্তিচ্ছু পরীক্ষার্থী এমসিকিউ পরীক্ষার ৮০ নম্বরের মধ্যে ন্যূনতম ৩২ নম্বর পেলে এবং ইউনিট/বিভাগ কর্তৃক আরোপিত শর্তসমূহ যথাযথ ভাবে পূরন করলে কোটায় আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

(খ) পোষ্য কোটার যোগ্য আবেদনকারীগণ উপাচার্য মহোদয়ের অনুমতিক্রমে সংশ্লিষ্ট ইউনিটভূক্ত বিভাগসমূহে সমবন্টনের ভিত্তিতে কোন বিভাগের সংরক্ষিত আসনের বাইরে ভর্তি হতে পারবে।

(গ) মুক্তিযোদ্ধা কোটাঃ এই কোটায় ভর্তি হতে হলে প্রার্থীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়ের ওয়েব সাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সম্বলিত ইস্যুকৃত সনদ-পত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্র কোটার আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ঘ) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠি সম্প্রদায় কোটাঃ এই কোটায় ভর্তি হতে হলে প্রার্থীকে উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠি সম্প্রদায় হিসাবে স্বীকৃত গোত্র প্রধান (যেমন চাকমা রাজা/মং রাজা ইত্যাদী) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসি ফোরাম কর্তৃক কোন উপজাতিভূক্ত তার স্বপক্ষে সনদ কোটার আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ঙ) হরিজন-দলীত জনগোষ্ঠি (অন্ত্যজ) কোটাঃ এই কোটায় ভর্তি হতে হলে প্রার্থীকে হরিজন-দলীত জনগোষ্ঠি (অন্ত্যজ) সম্প্রদায়/সংগঠন প্রধানের সনদপত্র কোটার আবেদনের সাথে দাখিল করতে হবে।

(চ) শারীরিক প্রতিবন্ধী কোটাঃ স্বীকৃত বিশেষজ্ঞ চিকিৎসকের চিকিৎসা সনদপত্র অথবা সমাজকল্যাণ মন্ত্রনালয়ের সনদ কোটার আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ছ) খেলোয়াড় কোটাঃ এই কোটায় ভর্তি হতে হলে প্রার্থীকে বাংলাদেশ জাতীয় দলের, অথবা যে কোন বয়স ভিত্তিক জাতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করেছে এমন প্রমান পত্র, অথবা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাশ করেছে তার সনদপত্র কোটার আবেদনের সাথে দাখিল করতে হবে।

১০। শিক্ষার মাধ্যমঃ

অধীত বিষয় অনুযায়ী শিক্ষার মাধ্যম বাংলা/ইংরেজী/আরবী ভাষা হবে।

১১। আবাসিক অবস্থাঃ

(ক) আবাসিক হলসমূহঃ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ছাত্রদের জন্য পাঁচটি হল যথাক্রমে ১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল (ইন্টারনেশনাল ব্লকসহ), ২) সাদ্দাম হোসেন হল, ৩) শহীদ জিয়াউর রহমান হল, ৪) লালন শাহ হল ও ৫) শেখ রাসেল হল (নির্মানাধীন) এবং ছাত্রীদের জন্য তিনটি যথাক্রমে ১) বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, ২) দেশরত্ন শেখ হাসিনা হল এবং ৩) খালেদা জিয়া হল আছে।

(খ) উক্ত হলসমূহে আবাসিক এবং অনাবাসিক উভয় ভাবেই ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। প্রয়োজনীয় সীট সংখ্যা প্রাপ্যতা সাপেক্ষে এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত নীতিমালার ভিত্তিতে আবাসিক হলসমূহে ছাত্র/ছাত্রীদের সীট বরাদ্দ করা হবে।

১২। ভর্তি ও আনুষাঙ্গিক ফি জমাদানের পদ্ধতিঃ

(ক) ভর্তির জন্য চুড়ান্তভাবে নির্বাচিত ছাত্র-ছাত্রীদেরকে সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তির মূল আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে।

(খ) ভর্তির মূল আবেদন ফরম নিজ হাতে পুরণ করে ভর্তির প্রয়োজনীয় সনদ পত্রসমূহের (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সকল সনদপত্র ও নম্বরপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র) সত্যায়িত ফটোকপিসহ মূল সনদপত্রসমূহ সংশ্লিষ্ট বিভাগের সভাপতির দপ্তরে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

১৪.১০.১৭

১৪.১০.১৭

১৪.১০.১৭

(গ) সংশ্লিষ্ট বিভাগের সভাপতি সকল সনদপত্র পরীক্ষা করে এবং ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, সংযোজিত ছবি, প্রার্থীর চেহারা ও স্বাক্ষর মিলিয়ে সত্যতা নিশ্চিত করে মূল ভর্তি ফরমে স্বাক্ষর করবেন। সভাপতি কর্তৃক স্বাক্ষরিত ভর্তির মূল আবেদন ফরম সংগ্রহ করে ইউনিট কর্তৃক নির্ধারিত আবাসিক হলে জমা দিতে হবে।

(ঘ) ভর্তির মূল আবেদন ফরমে হল প্রাধ্যক্ষের সুপারিশ নিয়ে একাডেমিক শাখায় জমা দিতে হবে।

(ঙ) একাডেমিক শাখা ভর্তি সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করে ছাত্র-ছাত্রীদের নামের তালিকা অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় প্রেরণ করবে এবং উক্ত তালিকার কপি একাডেমিক শাখার নোটিশ বোর্ডও প্রদান করবে। উল্লেখিত ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ভর্তি এবং আনুষাঙ্গিক ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(চ) নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ভর্তি এবং আনুষাঙ্গিক ফি জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীর ভর্তির অধিকার বাতিল বলে গণ্য হবে।

(ছ) কোন ছাত্র-ছাত্রী অত্র বিশ্ববিদ্যালয়ে একটি বিভাগে ভর্তি হবার পর পরবর্তীতে অন্য কোন বিভাগে ভর্তির সুযোগ পেলে তাকে সংশ্লিষ্ট বিভাগের সভাপতির মাধ্যমে ১০০/= (একশত) টাকা অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দেওয়ার রশিদসহ প্রথম ভর্তি বাতিলের আবেদন উপ-রেজিস্ট্রার (শিক্ষা) বরাবর দাখিল করতে হবে। ভর্তি বাতিলের অনুমতি প্রাপ্তির পর প্রথম ভর্তি ও আনুষাঙ্গিক ফি, দ্বিতীয় ভর্তি ও আনুষাঙ্গিক ফি এর সাথে সমন্বয় করা হবে।

(জ) কোন কারনে অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি বাতিল করা হলে বা স্বেচ্ছায় কেউ ভর্তি বাতিল করলে, উভয় ক্ষেত্রেই ভর্তির সময় প্রদত্ত ফি বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

১৩। বিশ্ববিদ্যালয়ের পরিবেশ এবং অফিস-সময়সূচী সম্প্রসারনঃ

ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সর্ববৃহৎ বিদ্যাপীঠ। অনন্য শৈলী সমৃদ্ধ দৃষ্টিনন্দন শহীদ মিনার, আধুনিক স্থাপত্য সৌকর্যের অন্যতম নিদর্শন মহান স্মৃতিসৌধ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি স্মারক বঙ্গবন্ধু ম্যুরাল (নির্মাণাধীন), দেশের অন্যতম দৃষ্টি নন্দন স্থাপনা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ, সনাতন ধর্মাবলম্বীদের জন্য উপাসনালয় এবং সংস্কৃতি চর্চাসহ, জাতীয় ও আন্তর্জাতিক মানের অনুষ্ঠান আয়োজনের জন্য বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তন ইসলামী বিশ্ববিদ্যালয়ের অহংকার। অপূর্ব সৌন্দর্য্যমণ্ডিত ক্যাম্পাসের প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখেছে এখানকার কয়েকটি জলাশয় (পুকুর এবং লেক), অসংখ্য ফুল-ফল ও সবুজ বৃক্ষরাজি, এবং নানান প্রজাতির পশু-পাখি। এমন মনোরম পরিবেশে সংস্কৃতি, ধর্ম, জ্ঞান-বিজ্ঞান চর্চা, ও গবেষণার জন্য প্রায় ১৫০০০ মেধাবী ছাত্র-ছাত্রীসহ, সাড়ে তিনশর অধিক শিক্ষক, চারশর অধিক কর্মকর্তা, এবং চারশর অধিক কর্মচারীর পদচারনায় সারাক্ষণ মূখরিত নৈসর্গিক শোভা মণ্ডিত সবুজ চত্বর। বর্তমান প্রশাসনের উদ্যোগে ক্যাম্পাসের সৌন্দর্য বর্ধন প্রক্রিয়া আরো গতিশীল হয়েছে।

একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমকে আরো সম্প্রসারিত করার জন্য বর্তমান প্রশাসনের উদ্যোগে সপ্তাহের শনি থেকে বুধবার সকাল ০৯টা থেকে বিকাল ৪টা ৩০মিনিট পর্যন্ত একাডেমিক (ক্লাশ ও পরীক্ষা) এবং প্রশাসনিক কার্যক্রম সচল থাকে। বৃহস্পতি ও শুক্রবার দুই দিন সাপ্তাহিক ছুটি।

উল্লেখ্য, জ্ঞান-বিজ্ঞান চর্চা ও গবেষণার জন্য কিছু বিভাগ ও প্রতিষ্ঠান এর পাশাপাশি কিছু সেবা প্রদানকারী অফিস/প্রতিষ্ঠান (যেমনঃ চিকিৎসা সেবা প্রদানের জন্য চিকিৎসা কেন্দ্র, পানি ও বিদ্যুৎ সরবরাহের জন্য প্রকৌশল অফিস, ইন্টারনেট সেবা প্রদানের জন্য কম্পিউটার সেন্টার, ক্যাম্পাস হতে কুষ্টিয়া এবং ঝিনাইদহ শহরে যাতায়াতের জন্য পরিবহন ব্যবস্থা, মানসম্মত খাবারের জন্য কেন্দ্রীয় ক্যাফেটোরিয়া ইত্যাদি) ২৪/৭ খোলা থাকে।

১৪। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবশ্যিক জ্ঞাতব্য বিষয়সমূহঃ

(ক) ইসলামী বিশ্ববিদ্যালয়ের অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষা কার্যক্রম সংশ্লিষ্ট অনুষদের একাডেমিক অর্ডিন্যান্স (Academic Ordinance) দ্বারা এবং পরীক্ষাসমূহ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা অর্ডিন্যান্স (Examination Ordinance) দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।

(খ) বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আচরণ ইসলামী বিশ্ববিদ্যালয় Code of Conduct of the Students এর বিধি বিধান দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।

(গ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে পরবর্তীতে কোন ছাত্র-ছাত্রীর যে কোন সময় ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য (যেমন সনদপত্র, অথবা নম্বরপত্র, অথবা প্রশংসাপত্র অথবা কোটার প্রমাণপত্র ইত্যাদী) মিথ্যা/জাল প্রমাণিত হলে তার ভর্তি তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

এ ছাড়াও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীগণ সংশ্লিষ্ট ইউনিট, বিভাগ অথবা উপ-রেজিস্ট্রার (শিক্ষা) এর দপ্তর হতে জেনে নিতে পারবে।

বিঃদ্রঃ ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৪.১০.১৭

(এস. এম. আব্দুল লতিফ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-৭০০৩।

২৪.১০.১৭

২৪.১০.১৭

২৪.১০.১৭